

১০০০
 ৬২

বাড়তি খরচের কারণে অনেক মেধাবী শিক্ষার্থী জগন্নাথে ভর্তি হয় না

জগন্নাথ ইউনিভার্সিটি রিপোর্টার

'জগন্নাথ ইউনিভার্সিটি এটু, সুয়ার পরিবেশ নয় বাহে, বড়নোকের'। রংপুর থেকে আসা ভর্তিচ্ছু এক শিক্ষার্থীর বুক ধাক্কা টাকার অভাবে মেধাবী মহানটিকে জগন্নাথে ভর্তি করতে না পেরে এভাবেই অফেয়ারলেন এক ইউনিভার্সিটি রিপোর্টারের কাছে। কেবল আর্থিক সমস্যা না থাকায় অনেক

মেধাবী শিক্ষার্থী এ ইউনিভার্সিটিতে ভর্তি হতে পারছে না। মেধাবী পরিব ছাত্রদের আর্থিক সুবিধা প্রদানের নিয়ম থাকলেও ভর্তির সময় এ ধরনের সহযোগিতার অভাবে ভর্তি হতে পারেনি ২০০৬-০৭ চলতি সেশনে বিজ্ঞানস্টাডির অন্তর্ভুক্ত ভর্তি পরীক্ষায় সন্তোষ হওয়া মেধাবী ছাত্র ফুজ্জাদুল আহম্মদ। বিবিএ পড়ার

বাড়তি খরচের কারণে অনেক

(শেষ পৃষ্ঠার পর)

আশা থাকলেও জগন্নাথে শিক্ষা ব্যয় বেশি হওয়ার কারণে ঢাকা কলেজে অ্যাডভান্সিটে ভর্তি হয়েছে। এ ধরনের উদাহরণ একটি নয়, অনেক। ইউনিভার্সিটি কর্তৃপক্ষ পরিব মেধাবীদের আর্থিক সুবিধা দেয়ার অঙ্গীকার করলেও কার্যত কোনো পদক্ষেপ গ্রহণ করেনি। ইউনিভার্সিটি হওয়ার পর গড় সেশনের ভর্তি থেকেই প্রত্যেক ছাত্রের কাছ থেকে ইউনিভার্সিটি উন্নয়ন ফন্ডের নামে পাচ হাজার টাকা নেয়া হচ্ছে। সাবেক জগন্নাথ কলেজের শিক্ষার্থীরা উন্নয়ন ফন্ড মওকুফ করার দাবিতে কয়েক দফা আন্দোলন করলে বাধ্য হয়ে ইউনিভার্সিটি কর্তৃপক্ষ ইয়ার ভিত্তিতে কিছু টাকা মওকুফ করে। রেজিস্ট্রার অফিস সূত্রে জানা যায়, একজন শিক্ষার্থীকে এখানে ভর্তি হতে গনতে হচ্ছে ১৫ হাজার টাকা, যা কোনো ইউনিভার্সিটির শিক্ষা ব্যয়ের তুলনায় তিনগুণ বেশি। চলতি সেশনে কলা অনুষদে ৫৮৫ আসনের বিপরীতে ভর্তিচ্ছু দুই হাজার শিক্ষার্থীকে জইভাবে ডাকা হয়েছে। তারপরও বিভিন্ন ডিপার্টমেন্টের

চেয়ারম্যানরা আসন সূনা থাকার আশঙ্কা করছেন। এর কারণ জানতে চাইলে নাম প্রকাশে অনিচ্ছুক এক অনুষদের ডিন বলেন, শিক্ষা ব্যয় ও ভর্তি ফি বেশি, আবাসিক সুবিধা নেই এবং শিক্ষার সূত্র পরিবেশের অভাবেই এমনটা হচ্ছে বলে ধারণা। হিসাববিজ্ঞান ডিপার্টমেন্টের শিক্ষার্থীদের ওপর এক জরিপে দেখা যায়, ১০০ জনে মাত্র একজন টাকা বা এর আশপাশে ফ্যামিলির সঙ্গে বাস করছে এবং থাকিরা উচ্চ শিক্ষা গ্রহণের উদ্দেশ্যে শহরে এসেছে। জগন্নাথের আবাসিক হল না থাকায় টাকার পার্শ্ববর্তী দহিত এলাকাকগুলোতে মেস ডাড়া করে তারা থাকছে। জগন্নাথ ইউনিভার্সিটির ১২টি হলই বেদখল। হল উদ্ধারের দাবিতে ২২ জানুয়ারি সাধারণ ছাত্র-পুলিশ সংঘর্ষে আহত হয় অর্ধশতাধিক শিক্ষার্থী এবং পুলিশ এ ঘটনায় গ্রেফতার করে আট সাধারণ ছাত্রকে। শিক্ষা ব্যয় বেশি, আবাসন সুবিধা নেই এ কারণে বাড়তি খরচের উয়ে অনেকেই জগন্নাথে চান পেয়ে ভর্তি হচ্ছেন অন্য ইউনিভার্সিটি কিংবা সরকারি কলেজে।